তাগিদপত্র-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.১৪.০৪২.২০২০.৫৩৯

তারিখ: ০১ আশ্বিন ১৪২৭
১৬ সেপ্টেম্বর ২০২০

বিষয়: ২০২০-২০২১ অর্থ বছরে তাঁর দপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার ৫.১ কার্যক্রম এবং ইনোভেশন ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম প্রেরণ সংক্রান্ত।

সূত্র: (ক) স্থানীয় সরকার বিভাগের পত্র সংখ্যা ৪৬.০০.০০০০.০৭১.১৪.০৪২.২০২০.৪৭৫, তারিখ: ০১ সেপ্টেম্বর ২০২০;
(খ) স্থানীয় সরকার বিভাগের পত্র সংখ্যা ৪৬.০০.০০০০.০৭১.১৪.০২৮.১৮(অংশ-১).৪৬৪, তারিখ: ২৭ আগস্ট ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর উদ্ভাবন বিষয়ে করণীয় নির্ধারণের লক্ষ্যে গত ২৭ আগস্ট ২০২০ তারিখ এ বিভাগের সম্মেলন কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:

(ঘ) ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার ৫.১ কার্যক্রমের বিষয়ে প্রতিটি দপ্তর/সংস্থা কর্তৃক পৃথক পৃথকভাবে পরিকল্পনা প্রণয়ন ও আগামী সভায় উপস্থাপন;

(ঙ) দপ্তর/সংস্থার উদ্ভাবক বিষয়ক ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা স্থানীয় সরকার বিভাগের ইনোভেশন টিম এবং ই-সার্ভিস রোডম্যাপ বাস্তবায়ন সম্পর্কিত কমিটির প্রতি সভায় উপস্থিত থাকবেন।

২। সিদ্ধান্ত 'ঘ' এর আলোকে তাঁর দপ্তর/সংস্থার উদ্ভাবনী উদ্যোগ/ধারণা এবং সিদ্ধান্ত 'ঙ' এর বিষয়ে তাঁর দপ্তর/সংস্থার উদ্ভাবক বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের তালিকা প্রেরণ করার জন্য সূত্রস্থ 'ক' স্মারকে অনুরোধ করা হয়েছিল। কিন্তু অনেক দপ্তর/সংস্থা হতে অদ্যাবধি তথ্য (বিশেষতঃ সিদ্ধান্ত 'ঘ' এর) পাওয়া যায়নি।

৩। বর্ণিতাবস্থায়, সিদ্ধান্ত 'ঘ' এর আলোকে তাঁর দপ্তর/সংস্থার উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আগামী ০৭ দিনের মধ্যে অত্র বিভাগে প্রেরণ এবং সিদ্ধান্ত 'ঙ' এর বিষয়ে তাঁর দপ্তর/সংস্থার উদ্ভাবক বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা/ বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা স্থানীয় সরকার বিভাগের ইনোভেশন টিমের প্রতি সভায় উপস্থিত থাকার এবং কর্মকর্তাদের তালিকার (নাম, পদবি, দপ্তর, মোবাইল ও ইমেইল) Word কপি lgcc2@lgd.gov.bd, nazneendhk@yahoo.com ইমেইলে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল।

(নাজনীন ওয়ারেস)
উপসচিব
ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
ফোন: ৯৫৫৪৬৫৮
ই-মেইল: lgcc2@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট।
৩. প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা।
৪. রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, ......................সিটি কর্পোরেশন (সকল)।
৬. ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/ চট্টগ্রাম ওয়াসা/ খুলনা ওয়াসা/ রাজশাহী ওয়াসা।

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও চীফ ইনোভেশন অফিসার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ – ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল।